

২০২৪

বাংলা

(অনার্স)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

চতুর্থ সেমিস্টার

কোর্স কোড : BNGH-SEC-T-2

(প্রতিবেদন, বিজ্ঞাপন রচনা ও গবেষণার রীতি-পদ্ধতি ও ব্যবহারিক প্রয়োগ)

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 5 = 10$ 

ক) প্রতিবেদন কাকে বলে? প্রতিবেদন কয় প্রকার ও কী কী?

খ) প্রতিবেদন রচনার ক্ষেত্রে শিরোনাম ও ভাষা কেমন হওয়া প্রয়োজন?

গ) বিজ্ঞাপন দাতা ও বিজ্ঞাপন গ্রহীতা বলতে কী বোঝো?

ঘ) একটি বিজ্ঞাপন কখন 'বিজ্ঞাপন সাহিত্য' হয়ে ওঠে?

ঙ) বিজ্ঞাপন রচনার সময় বিজ্ঞাপন রচয়িতা কোন্ কোন্ বিষয়ের প্রতি গুরুত্ব দেবেন?

(পরের পাতায়)

- চ) কাব্যাংশ থেকে উদ্ধৃতি ব্যবহার করার দুটি নিয়ম লেখো।
- ছ) সংখ্যা সংযোগ পদ্ধতি কাকে বলে?
- জ) গবেষণামূলক রচনার পাণ্ডুলিপি গঠনের কটি বিভাগ ও কী কী?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

- ক) শিক্ষার্থীদের নিরক্ষরতা দূরীকরণের সামিল হওয়ার প্রয়োজনীয়তা প্রসঙ্গে সংবাদপত্রে প্রকাশযোগ্য একটি প্রতিবেদন রচনা করো।
- খ) গবেষণামূলক কাজের ক্ষেত্রে উৎস নির্দেশের প্রয়োজনীয়তা কতখানি? উৎস নির্দেশের পদ্ধতিগুলো কী কী?
- গ) যে-কোনো একটি পণ্যদ্রব্য নির্বাচন করে সেটিকে কেন্দ্র করে একটি ঘোষণাধর্মী বিজ্ঞাপন রচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- ক) প্রতিবেদন কাকে বলে? প্রতিবেদনের বৈশিষ্ট্যগুলি লেখো।
- খ) বিজ্ঞাপনের যে কোনো পাঁচটি শ্রেণীবিভাগ দৃষ্টান্তসহ আলোচনা করো।
- গ) উদ্ধৃতিকে কয় ভাগে ভাগ করা যায়? উদ্ধৃতি ব্যবহারের সাধারণ নিয়মগুলি লেখো।
- ঘ) ছোটগল্প রচনায় রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান সম্পর্কে আলোচনা করো।